# জনতা ব্যাংক পিএলসি.

**প্রধান কার্যালয়, ঢাকা**

website: www.jb.com.bd

**হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট**

**ফোন: ২২৩৩৫০৬৬৬**

তারিখ: ১ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ
১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ

**তথ্য বিজ্ঞপ্তি নং- ২৬৮/২৫**

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক/সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

**বিষয়: বগুড়ায় জনতা ব্যাংক পিএলসি.-এর একটি বিভাগীয় কার্যালয় খোলা।**

মহোদয়,

অর্গানোগ্রাম-সংক্রান্ত তথ্য বিজ্ঞপ্তি নং-২৬৭/২৫ তারিখ: ২০.০৫.২০২৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

ব্যবসার কলেবর ও সেবার পরিসর বৃদ্ধির সাথে সাথে ব্যাংকের বিভিন্ন শাখা ও অফিসের ক্রমাগত মানোন্নয়ন এবং নতুন নতুন অফিস/ইউনিট সৃজন একটি চলমান প্রক্রিয়া। এ প্রক্রিয়ার অংশ হিসেবে বর্তমান প্রতিযোগিতামূলক ব্যাংকিং সেক্টরে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা, ব্যবসায়িক প্রবৃদ্ধি অর্জন, ঋণ দান ও আমানত সংগ্রহে গতিশীলতা আনয়ন, সংশ্লিষ্ট জেলাসমূহের অর্থনৈতিক উন্নয়ন, জেলাবাসীর দীর্ঘদিনের চাহিদা পূরণসহ উন্নত, যুগোপযোগী ও দ্রুত গ্রাহকসেবা প্রদান এবং সর্বোপরি ব্যাংকের সার্বিক উন্নয়ন ও মনিটরিং জোরদারকরণের স্বার্থে স্ট্যান্ডিং কমিটির সুপারিশ বিবেচনায় ১২.০৫.২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৪৬তম সভায় 'বিভাগীয় কার্যালয়, রাজশাহী' পুনর্বিন্যাস করে 'বিভাগীয় কার্যালয়, বগুড়া' নামে জনতা ব্যাংক পিএলসি.-এর একটি নতুন বিভাগীয় কার্যালয় খোলার অনুমোদন দেওয়া হয়। নতুন সাংগঠনিক কাঠামো অনুমোদনের পূর্ব পর্যন্ত আন্তঃ সমন্বয়ের মাধ্যমে এ বিভাগীয় কার্যালয়ের কার্যক্রম পরিচালিত হবে। নবগঠিত 'বিভাগীয় কার্যালয়, বগুড়া' এবং পুনর্বিন্যাসিত 'বিভাগীয় কার্যালয়, রাজশাহী'-এর আওতাধীন এরিয়া অফিস ও কর্পোরেট-১ শাখাসমূহ নিম্নরূপ:

| ক্রম. | বিভাগীয় কার্যালয়ের নাম | এরিয়া অফিস সংখ্যা ও নাম | জেলার সংখ্যা ও নাম | কর্পোরেট-১ শাখার সংখ্যা ও নাম | শাখার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | বগুড়া (নবগঠিত) | ৩ (তিন)<br>নওগাঁ, বগুড়া, সিরাজগঞ্জ | ৪ (চার)<br>নওগাঁ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ | ০০ (শূন্য) | ৭০ |
| ০২ | রাজশাহী (পুনর্বিন্যাসিত) | ৪ (চার)<br>চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, পাবনা | ৪ (চার)<br>চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, পাবনা | ১ (এক)<br>রাজশাহী কর্পোরেট শাখা, রাজশাহী | ৮০ |

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের জ্ঞাতার্থে এ তথ্য বিজ্ঞপ্তি জারি করা হলো।

মোঃ আল আরিফ হাসান
উপমহাব্যবস্থাপক

মোঃ ফয়েজ আলম
উপব্যবস্থাপনা পরিচালক